গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা
**www.dshe.gov.bd**

ICT incharge pls circulate this 29/11/2016

**স্মারক নং-৩৭.১০.০০০০.১১২.৫৭.২২.১৫/৪২২৩(৬৪)**

**তারিখ ঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৩ / ২৩ নভেম্বর ২০১৬**

**বিষয়: ৪৬তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সময়সুচি প্রেরণ।**

বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির ২১-১১-২০১৬ তারিখে অনুষ্ঠিত 'কার্যনির্বাহী পরিষদ' এর সভার সিদ্ধান্ত মোতাবেক **৪৬তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা/থানা হতে জাতীয় পর্যায় পর্যন্ত নিম্নেউল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। **এ বিষয়ে তাঁর আওতাধীন উপজেলা/থানা এর সভাপতি/ সম্পাদকের নিকট জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনাটি প্রদানের জন্য অনুরোধ করা হলো।**

**সময়সূচিঃ ২০১৬-১৭**

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল,মাদরাসা ও কারিগরি) | ১৭-১২-২০১৬ | হ'তে | ২০-১২-২০১৬ |
| উপজেলা/থানা পর্যায়ে | ২২-১২-২০১৬ | হ'তে | ৩০-১২-২০১৬ |
| জেলা পর্যায়ে | ০২-০১-২০১৭ | হ'তে | ০৫-০১-২০১৭ |
| উপ-অঞ্চল পর্যায়ে | ০৭-০১-২০১৭ | হ'তে | ১০-০১-২০১৭ |
| অঞ্চল পর্যায়ে | ১২-০১-২০১৭ | হ'তে | ১৪-০১-২০১৭ |
| জাতীয় পর্যায়ে<br>(ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ঢাকায় অনুষ্ঠিত হবে) | ১৬-০১-২০১৭ | হ'তে | ২১-০১-২০১৭ |

**বি:দ্র: জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর আগমনের উপর জাতীয় পর্যায়ের তারিখ পরিবর্তন হলে তাৎক্ষণিক সকল পর্যায়ে জানিয়ে দেয়া হবে।**

**৪৬ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় নিম্নে উল্লিখিত ইভেন্টসমূহ অর্ন্তভুক্ত হবে:**

**(০১) অ্যাথলেটিকস্ (ছাত্র-ছাত্রী) (০২) ভলিবল (ছাত্র-ছাত্রী) (০৩) ব্যাডমিন্টন একক ও দ্বৈত(ছাত্র-ছাত্রী) (০৪) ক্রিকেট (ছাত্র-ছাত্রী) (০৫) টেবিল টেনিস একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী)। (০৬) বাস্কেটবল (ছাত্র-ছাত্রী) (০৭) হকি (ছাত্র-ছাত্রী)**

**অ্যাথলেটিকস্ এ নতুন ইভেন্ট হিসেবে দড়িলাফ খেলা অর্ন্তভুক্ত হবে। (ক) বালক (বড়) (খ) বালক (মধ্যম) (গ) বালিকা (বড়) (ঘ) বালিকা মধ্যম খেলার নিয়মাবলী (কপি সংযুক্ত)।**

**৪৬ তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা সমিতির গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৯ এর প্রেক্ষিতে অ্যাথলেটিকস্ প্রতিযোগিতায় বালকদের ০৩টি গ্রুপে এবং বালিকাদের ২টি গ্রুপে খেলা অনুষ্ঠিত হবে। গ্রুপ বাছাইয়ে গঠনতন্ত্রের প্রতিটি বিষয় যথাযথভাবে পালন করতে হবে।

**৪৬ তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় ভলিবল, বাস্কেটবল, ক্রিকেট, হকি, ব্যাডমিন্টন একক ও দ্বৈত এবং টেবিল টেনিস একক ও দ্বৈত খেলাগুলো উপজেলা/থানা হতে অঞ্চল পর্যন্ত **"নক আউট" পদ্ধতিতে এবং জাতীয় পর্যায়ে "লীগ" পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।** ক্রীড়া সমিতির গঠনতন্ত্রের বিধি মোতাবেক **৪৬ তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা পরিচালিত হবে।

উপজেলা/থানা হতে বিভিন্ন খেলায় বিজয়ীদের ফটো ও নামের তালিকা পরবর্তী পর্যায়ে কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য (জেলা,উপ-অঞ্চল,অঞ্চল ও জাতীয়) সম্পাদকের নিকট যথাযথ কর্তৃপক্ষের নামাংকিত সীলসহ স্বাক্ষর করে সংগে সংগে পাঠাতে হবে। অন্যথায় উক্ত প্রতিযোগীদের পরবর্তী প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

ছাত্র-ছাত্রী বাছাইয়ের জন্য গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২২ অনুসরণ করতে হবে। ছাত্র-ছাত্রীদের প্রকৃত বয়স নির্ণয়ের জন্য উপজেলা মেডিকেল অফিসার/সিভিল সার্জনের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক বয়স পরীক্ষা করতে হবে এবং গঠনতন্ত্রের বিধি বিধান মানতে হবে।

গঠনতন্ত্রে উল্লেখিত **পরিশিষ্ট 'ক' হতে 'ঙ'** পর্যন্ত বিভিন্ন ফরম (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণ সহ খেলার যাবতীয় নিয়ম নীতি অনুসরন করে খেলা পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। উপজেলা পর্যায়ের খেলাগুলো মনিটরিং করার জন্য জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। **সকল পর্যায়ের প্রতিযোগীদের প্রয়োজনীয় শীতকালীন বিছানা পত্র অবশ্যই সাথে আনতে হবে এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।**

**বি:দ্র: বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির খেলাধুলায় ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য পিএসসি পরীক্ষার প্রবেশ পত্র ও পাশের মূল সনদ এবং ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য জেএসসি/জেডিসি পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও পাশের মূল সনদের কপি প্রদর্শণ পূর্বক এবং ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক (ইনডেক্স নম্বর ও নামাকিংত সিলসহ)সত্যায়িত করে জমা প্রদান বাধ্যতামূলক করা হয়েছে, অন্যথায় কোন অবস্থায় খেলায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না। উল্লিখিত বিষয়গুলো উপজেলা,জেলা,উপ-অঞ্চল, ও অঞ্চল পর্যায়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তদারকি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

২৩/১১/২০১৬

(ফারহানা হক)
উপপরিচালক,শারীরিক শিক্ষা
পক্ষে-মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন+ফ্যাক্স: ০২-৯৫৫৬৮৪৮।
Email: ddphysical@gmail.com

**জেলা শিক্ষা অফিসার**

-------------------------------।

। -B.G.S.M.K.S । মোহাম্মদ রাসেদ মজুমদার

স্মারক নং-৩৭.১০.০০০০.১১২.৫৭.২২.১৫/৪২২৩(৬৪)৭০০ তারিখ ঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৩ / ২৩ নভেম্বর ২০১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

০১। মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর/ মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

০২। চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ মাদরাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

০৩। পরিচালক,ক্রীড়া পরিদপ্তর,মওলানা ভাসানী স্টেডিয়াম,ঢাকা।

০৪। জেলা প্রশাসক,............................................।

০৫। উপজেলা চেয়ারম্যান,.................................. জেলা,.......................................।

০৬। উপজেলা নির্বাহী অফিসার.......................................... জেলা .........................................।

০৭। বিদ্যালয় পরিদর্শক,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ মাদরাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

০৮। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।

০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,.........................................জেলা,.......................................। কে সংশ্লিষ্ট উপজেলায় প্রত্যেকটি মাধ্যমিক স্কুল ও মাদরাসা-কে বাধ্যতামূলক ভাবে জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

১০। শারীরিক শিক্ষা অফিসার, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/দিনাজপুর/ মাদরাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

১১। জেলা ক্রীড়া অফিসার,-----------------------------------।

১২। সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস. সেল মাউশি অধিদপ্তর, ঢাকা **(মাউশির ওয়েব সাইটে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের Massage Communication -এ প্রকাশের অনুরোধসহ)।**

১৩। ---------------------------------------------------------------------------------------------।

১৪। সংরক্ষণ নথি।

ফারহানাহক ২৩/১১/২০১৬

(ফারহানা হক)
উপপরিচালক,শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
এবং
সম্পাদক,বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতি।
ফোন+ফ্যাক্স: ০২-৯৫৫৬৮৪৮।
Email: ddphysical@gmail.com

**** বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া সমিতির খেলাধুলা সংক্রান্ত দাওয়াত কার্ডে জাতীয় ক্রীড়া সমিতির মনোগ্রাম ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।**